গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তদন্ত ও শৃঙ্খলা অধিশাখা
www.rthd.gov.bd

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৯.১৪-৪০৫

তারিখ : ১৫ পৌষ ১৪২২ / ২৯ ডিসেম্বর ২০১৫

## প্রজ্ঞাপন

যেহেতু জনাব মোঃ আসিফ হাসান (০০১০৩৯), নির্বাহী প্রকৌশলী (সাময়িকভাবে বরখাস্ত), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-এর অনুকূলে ২৭.০১.২০১০ তারিখের আরএইচই-১/৮পি-২/৯৩-৩৫ সংখ্যক স্মারকমূলে ২৭.০১.২০১০ তারিখ অথবা দায়িত্বভার হস্তান্তরের তারিখ হতে ০৪ (চার) বছরের জন্য যুক্তরাষ্ট্রে বৈদেশিক চাকুরিতে লিয়েন মঞ্জুর করা হয়;

যেহেতু পরবর্তিতে তাঁর ২০.০১.২০১৪ তারিখের আবেদন, নির্ধারিত সময়ে প্রত্যাবর্তন না করলে তাঁর ভাই জনাব মোঃ শারাফত হোসেন কর্তৃক লিয়েন সময়কালের অর্থাৎ ০৫ বৎসরের বেতন-ভাতাদি ০১ মাসের মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদানের অঙ্গীকারনামা এবং প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তরের সুপারিশের প্রেক্ষিতে ১৭.০৯.২০১৪ তারিখের ৩৫.০২২.০১৫.০০.০০.০০২.১৯৯৩-৭২৮ সংখ্যক মঞ্জুরীকৃত পত্রে ০১.০৩.২০১৫ তারিখের মধ্যে চাকুরিতে যোগদান করার শর্ত আরোপ করে লিয়েনের মেয়াদ এক বৎসর বর্ধিত করা হয়;

যেহেতু তাঁর অনুকূলে মঞ্জুরীকৃত লিয়েনের মেয়াদ ০১.০৩.২০১৫ তারিখ শেষ হয়েছে। লিয়েন মেয়াদ শেষ হওয়ার পর কর্মস্থলে যোগদান না করায় তাঁকে গত ১৮.০৩.২০১৫ তারিখের ৩৫.০২২.০১৫. ০০.০০.০০২.১৯৯৩-২৩৯ সংখ্যক প্রজ্ঞাপনমূলে গত ০২.০৩.২০১৫ তারিখ হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু তাঁর উপর্যুক্ত কার্যকলাপের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(সি) অনুযায়ী যথাক্রমে অসদাচরণ এবং ডিজারশনের অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা নম্বর ২০/২০১৫ রুজু করা হয়;

যেহেতু উক্তরূপ কার্যকলাপের জন্য কেন তাঁকে একই বিধিমালার বিধি ৪(৩)(ডি) অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করা হবে না বা উপযুক্ত অন্য কোন শাস্তি দেয়া হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি ব্যক্তিগত শুনানীর মাধ্যমে কোন কিছু জ্ঞাত করাতে চান কি-না অথবা বক্তব্যের সমর্থনে কোন সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কি-না তাও লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি জবাব প্রদান করেন এবং তাঁকে অভিযোগ হতে অব্যাহতি প্রদান ও সাময়িক বরখাস্তের আদেশ বাতিল করত চাকুরীতে পুনঃবহালের অনুরোধ করেন;

যেহেতু অভিযোগনামা, অভিযোগ বিবরণী ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পরীক্ষান্তে বিভাগীয় মামলাটিতে তদন্তের প্রয়োজনীয়তা অনুভূত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(সি) মোতাবেক ড. সৈয়দা সালমা বেগম, উপসচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্ত কর্মকর্তা গত ১৬.০৮.২০১৫ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত ডিজারশন এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ (৩) (ডি) মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদন্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং তাঁর বিরুদ্ধে কেন উক্ত গুরুদন্ড আরোপ করা হবে না, সে মর্মে তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭ (৬) মোতাবেক ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের জন্য গত ২৪.০৮.২০১৫ তারিখে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয়। তিনি ২য় কারণ দর্শানো নোটিশের জবাব প্রেরণ করেন;

যেহেতু জনাব মোঃ আসিফ হাসান এর লিখিত নিশ্চয়তা ও তাঁর ভাই এর যথাযথ পদ্ধতিতে অঙ্গিকার প্রদানের প্রেক্ষিতে তাঁর লিয়েন মেয়াদ এক বৎসর সরকার কর্তৃক সরল বিশ্বাসে বৃদ্ধি করা হয়েছিল। কিন্তু তিনি সরকারের সহিত প্রতারণার আশ্রয় নিয়ে সময়ক্ষেপণ করেছেন এবং তিনি নির্ধারিত সময়ে দেশে প্রত্যাবর্তন করেননি। এমনকি অঙ্গিকারনামার প্রদত্ত অর্থও সরকারি কোষাগারে জমা প্রদান করেননি;

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

যেহেতু উল্লেখিত বর্ণনার প্রেক্ষিতে তাঁকে চাকুরী হতে বরখাস্ত করার সিদ্ধান্ত বহাল রেখে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ (৩) (ডি) অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদন্ড আরোপের বিষয়ে Bangladesh Public Service Commission (Consultation) Regulations, 1979 এর ৬ নম্বর রেগুলেশনের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এর মতামত চাওয়া হয়। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন জনাব মোঃ আসিফ হাসান (০০১০৩৯), নির্বাহী প্রকৌশলী (সাময়িকভাবে বরখাস্ত), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদন্ড আরোপের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে;

যেহেতু জনাব মোঃ আসিফ হাসান (০০১০৩৯), নির্বাহী প্রকৌশলী (সাময়িকভাবে বরখাস্ত), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করার বিষয়টি মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

সেহেতু এক্ষণে জনাব মোঃ আসিফ হাসান (০০১০৩৯), নির্বাহী প্রকৌশলী (সাময়িকভাবে বরখাস্ত), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক গত ০২.০৩.২০১৫ তারিখ থেকে চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করার গুরুদন্ডে দন্ডিত করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(এম, এ, এন, ছিদ্দিক)
সচিব

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৯.১৪-৪০৫/১(১৪)

তারিখ : ১৫ পৌষ ১৪২২ / ২৯ ডিসেম্বর ২০১৫

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
০৫. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা
০৬. অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৭. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটির সংক্ষিপ্ত সার উক্ত কর্মকর্তার PDS-এ অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হল)**
০৮. যুগ্মসচিব (সওজ গেজেটেড ও ঢাকা বিআরটি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(প্রজ্ঞাপনটি উক্ত কর্মকর্তার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হল)**
০৯. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা
১১. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)**
১২. জনাব মোঃ আসিফ হাসান (০০১০৩৯), নির্বাহী প্রকৌশলী (সাময়িকভাবে বরখাস্ত), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা
১৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)**
১৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা

(যাহিদা খানম)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫১৩৬৮৮